

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০।

এস.আর.ও.নং -----/২০২৫।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এবং ধারা ৮২ ও ৮৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তনা।- (১) এই প্রবিধানমালা লাইফ বীমাকারীর উদ্ভূত বন্টন প্রবিধানমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়:-

(ক) ‘আইন’ অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) ‘কর্তৃপক্ষ’ অর্থ আইনের ধারা ২ (১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) ‘অংশীদারিত্ব পলিসি’ অর্থ হলো আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত “অংশগ্রহণকারী পলিসি”;

(ঘ) ‘অন্যান্য ক্ষেত্রে’র পলিসি’ অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত ‘অংশগ্রহণকারী পলিসি’ ব্যতীত অন্যান্য পলিসি।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। লাইফ ইন্স্যুরেন্স তহবিল।-

(১) লাইফ বীমাকারী তার প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী (participatory) ও অ-অংশগ্রহণকারী (non-participatory) পলিসি গ্রাহকগণের জন্য বাধ্যতামূলকভাবে আইনের ধারা ২৬ এ প্রণীত বিধির অধীন পৃথক ‘লাইফ ইন্স্যুরেন্স তহবিল’ সংরক্ষণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর শর্তাদি পরিপালনে ব্যর্থ হইলে, বীমাকারী কর্তৃক সংরক্ষিত লাইফ ইন্স্যুরেন্স তহবিলের উদ্ভূত অর্থ কেবল অংশগ্রহণকারী পলিসি গ্রাহকগণের পলিসি বোনাস খাতে ব্যবহার করা যাইবে।

৪। উদ্ভূত বন্টনের পদ্ধতি।- (১) দায়মূল্যায়নের নিমিত্ত বিনিয়োগ মুনাফার হার (Investment yield) বিবেচনাপূর্বক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হার প্রয়োগের ভিত্তিতে সম্পাদিত দায়মূল্যায়ন প্রতিবেদনে একচ্যুয়ারি কর্তৃক প্রদত্ত সুপারিশ বিবেচনায় নিয়ে বীমা আইন, ২০১০ অনুযায়ী উদ্ভূত অর্থ বীমাকারী ইহার শেয়ারহোল্ডারগণ এবং পলিসি গ্রাহকগণকে বন্টন বা সংরক্ষণ করিতে পারিবে; যাহা-

 26 MAY 2025

ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(ক) শেয়ারহোল্ডারগণের ক্ষেত্রে-

(অ) অংশগ্রহণকারী (participatory) পলিসিসমূহের উদ্বৃত্তের দশ শতাংশ (১০%); এবং

(আ) অ-অংশগ্রহণকারী (non-participatory) বা “অন্যান্য ক্ষেত্রে”র পলিসিসমূহের উদ্বৃত্তের একশত ভাগ (১০০%)।

(খ) বীমা পলিসি গ্রাহকগণের ক্ষেত্রে-

(অ) অংশগ্রহণকারী (participatory) পলিসিসমূহের উদ্বৃত্তের নব্বই শতাংশ (৯০%); এবং

(আ) অ-অংশগ্রহণকারী (non-participatory) বা “অন্যান্য ক্ষেত্রে”র পলিসিসমূহের উদ্বৃত্তের শূন্য শতাংশ (০%)।

(২) জীবন বীমা কর্পোরেশনের ক্ষেত্রে বীমা কর্পোরেশন আইন, ২০১৯ (২০১৯ সনের ৮নং আইন) প্রযোজ্য হইবে।

(৩) ইসলামী বীমা ব্যবসার ক্ষেত্রে এই প্রবিধান প্রযোজ্য হইবে না।

কর্তৃপক্ষের আদেশক্রমে



চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

26 MAY 2025

ড. এম. আলী আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ